

বিআইএম ইনোভেশন টিমের সভা

সভাপতিঃ ড. পারভীন আহমেদ, পরিচালক (প্রশিক্ষণ) ও ইনোভেশন অফিসার
তারিখঃ ০৬/ ০৭ /২০২০

সভাপতি উপস্থিত ইনোভেশন টিমের সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় আলোচিত ও গৃহিত সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

১. পূর্ববর্তী সভার সিদ্ধান্ত সকলের সম্মতিক্রমে অনুমোদন করা হয়।

২. ২০১৯-২০ বছরের ইনোভেশন উদ্যোগের অগ্রগতি

SCMS সফটওয়্যার মূল্যায়নের জন্য গঠিত কমিটি সফটওয়্যারের মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করেন।

সিদ্ধান্তঃ

প্রতিবেদনটি মহাপরিচালক বরাবর উপস্থাপন করা হবে। এবং SCMS সফটওয়্যার স্কেল আপের জন্য জনাব মেহবুব হাসান কল্লোল, এসএমসি কে টিওটি বিভাগের মাধ্যমে ৭ আগস্ট, ২০২০ এর মধ্যে প্রশিক্ষণ আয়োজন করার নির্দেশনা প্রদান করা হয়। প্রশিক্ষণ শেষে সকল বিভাগের প্রশিক্ষণে এই সফটওয়্যার ব্যবহারের অফিস অর্ডার জারি করা হবে।

৩. ২০১৯-২০ বছরের ইনোভেশন কর্মপরিকল্পনার মূল্যায়ন প্রতিবেদন

ফারখুন্দা ডরিন, এসএমসি ২০১৯-২০ বছরের ইনোভেশন কর্মপরিকল্পনার মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করেন। কোভিড ১৯ পরিস্থিতির কারণে সকল কর্মকান্ড সম্পন্ন করা সম্ভব হয়নি বলে অভিহিত করেন।

সিদ্ধান্তঃ

২০১৯-২০ বছরের স্বমূল্যায়ন প্রতিবেদন মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য নথিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এবং অনুমোদন পরবর্তিতে বিআইএম এর ওয়েবসাইটে ইনোভেশন কর্ণারে আপলোড করার জন্য কম্পিউটার ডিভিশনকে নির্দেশনা প্রদান করা হয়। এক-ই সাথে ২০২০-২১ বছরের জন্য কর্মপরিকল্পনা চূড়ান্তকরণ ও নির্ধারিত সময়ের মধ্যে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. ২০২০-২১ বছরে ইনোভেশন আইডিয়ার অগ্রগতি

জনাব মেহবুব হাসান কল্লোল, এসএমসি সভাকে অবহিত করেন, ২০২০-২১ বছরে ইনোভেশন এর জন্য গৃহীত “পিজিডি কোর্সের মূল সনদের আবেদন প্রক্রিয়া” গত ৩ জুলাই ২০২০ এ অনলাইনে চালু করা হয়েছে।

সিদ্ধান্তঃ

“পিজিডি কোর্সের মূল সনদের অনলাইন আবেদন” এর প্রক্রিয়া সকলকে অবহিত করার জন্য বিআইএম এর ওয়েবসাইটে এবং ফেসবুকে পেইজে নোটিস/হাইলাইট আকারে প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। এক-ই সাথে সম্ভব হলে এসএমএস এর মাধ্যমেও বিষয়টি সকলকে অবহিত করা যেতে পারে।

বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট
৪, সোবহানবাগ, ঢাকা

৫. ইনোভেশন পুরস্কার


ইনোভেটিভ কাজের জন্য প্রনোদনা/প্রশংসা পত্র প্রদানের বিষয়টি বিগত ২বছর আলোচনা করা হলেও প্রদান করা হয়নি। এ বিষয়ে, ২০১৮-১৯ অর্থবছরে ফারখুন্দা ডরিন, এমসি এবং ২০১৯-২০ অর্থবছরে জনাব মেহবুব হাসান কল্লোল, এসএমসি-কে বিআইএম এর সকল উদ্ভাবনী কাজে অবদান রাখার জন্য প্রশংসাপত্র দেয়ার বিষয়টি প্রস্তাব করা যেতে পারে বলে আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ

প্রস্তাবটি মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের জন্য উপস্থাপন করা হল। এক-ই সাথে চলতি বছর হতে প্রনোদনার বিষয়টি প্রতি বছর সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

৬. আলোচিত বিষয়সমূহ দ্রুত বাস্তবায়নের নির্দেশনা দিয়ে এবং বর্তমান কোভিড ১৯ পরিস্থিতিতে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম পরিচালনা করার জন্য সভাপতি সকলকে পরামর্শ প্রদান করেন। সকল-কে ধন্যবাদ জানিয়ে এবং সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তিঃ সদস্যদের উপস্থিতি।


০৭/০৭/২০২০
ড. পারভীন আহমেদ
ইনোভেশন অফিসার ও
পরিচালক (প্রশিক্ষণ)



০৭/০৭/২০২০




বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম),
৪, সোবহানবাগ, ঢাকা-১২০৭
ইনোভেশন কমিটির সভা

তারিখ : ০৬ জুলাই, ২০২০

সময়: দুপুর ২টা

স্থান: কক্ষ নং - ৪০১

উপস্থিতিপত্র

ক্র.	কর্মকর্তার নাম	পদবী	স্বাক্ষর
1.	ড. সার্বভৌম হোসেন	সচিব (প্রশাসনিক)	
2.	শ্রী: মোঃ মাহবুব হান্নান ফিলসোল	উপস্থিত ব্যবস্থাপনা উপদেষ্টা	
3.	শ্রী: মোঃ মাহবুব হান্নান	এম. এম. সি	
4.			
5.	শ্রী: রাজিবুল হক	ব্যবস্থাপনা উপদেষ্টা	